**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/12/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ঘোষণা করলেন ইয়োঙ্কার্সে বয়স্কদের জন্য 44 মিলিয়ন মার্কিন ডলারের হাউজিং ডেভেলপমেন্টের নির্মাণকাজ শুরু হয়েছে

## *লা মোরা সিনিয়র অ্যাপার্টমেন্টস সাউথ ইয়োঙ্কার্সে উচ্চ শক্তিদক্ষ ভবনে 60টি নতুন সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট নিয়ে আসবে*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে 44 মিলিয়ন মার্কিন ডলারের ডেভেলপমেন্টের নির্মাণকাজ শুরু হয়েছে যা সাউথ ইয়োঙ্কার্সে বয়স্কদের জন্য 60টি শক্তি দক্ষ ও সাশ্রয়ী বাসা তৈরি করবে। লা মোরা সিনিয়র অ্যাপার্টমেন্টস (La Mora Senior Apartments) নামে পরিচিত ডেভেলপমেন্টটি একটি ব্লাইট হওয়া সম্পত্তিকে একটি আধুনিক বৈশিষ্ট্যসহ টেকসই ভবন দ্বারা প্রতিস্থাপিত করে।

"এই প্রকল্পটি নিশ্চিত করতে সাহায্য করবে যাতে ইয়োঙ্কার্সের বয়স্কদের কাছে তাদের নিজেদের প্রাণবন্ত সম্প্রদায়ে বসবাসের জন্য একটি নিরাপদ, আরামদায়ক স্থান থাকে," **গভর্নর হোকল বলেন।** "আমার প্রশাসনের 25 বিলিয়ন মার্কিন ডলারের আবাসন পরিকল্পনার অংশ হিসেবে স্টেট এমন মানসম্পন্ন বাসার জন্য প্রয়োজনীয় সংস্থান নিবেদন করে যাবে যেখানে বয়স্ক নিউ ইয়র্কবাসীরা মর্যাদা ও মানসিক শান্তির সাথে বাস করতে পারবে।"

লা মোরা সিনিয়র অ্যাপার্টমেন্টস নিউ ইয়র্ক স্টেটজুড়ে আবাসনকে আরো সাশ্রয়ী, ন্যায্য ও স্থিতিশীল করতে গভর্নর হোকলের পরিকল্পনার সম্পূরক। 2023 আর্থিক বছরে স্টেট বাজেটে গভর্নর 25 বিলিয়ন ডলারের একটি নতুন পাঁচ-বছর মেয়াদী সমন্বিত আবাসন পরিকল্পনা উপস্থাপন এবং সফলভাবে প্রণয়ন করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000 সাশ্রয়ী বাড়ি তৈরি বা সংরক্ষণ করার মাধ্যমে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়তামূলক পরিষেবাসম্পন্ন 10,000 বাড়ি এবং আরো 50,000 বাড়িতে বিদ্যুতায়ন সম্পন্ন করা অন্তর্ভুক্ত রয়েছে।

সাউথ ইয়োঙ্কার্সের হলো এলাকায় অবস্থিত ডেভেলপমেন্টটি একটি দীর্ঘদিন খালি পড়ে থাকা পার্সেলে নির্মিত হবে যা ইয়োঙ্কার্স সিটির মিউনিসিপ্যাল আবাসন কর্তৃপক্ষ (Municipal Housing Authority of the City of Yonkers, MHACY) কর্তৃক অধিগত হয়েছে। চারতলা ভবনটিতে থাকবে 57টি এক শয়নকক্ষের এবং তিনটি দুই শয়নকক্ষের অ্যাপার্টমেন্ট। 60টি অ্যাপার্টমেন্টের

সবকয়টি 62 বছর বা তার বেশি বয়সী বাসিন্দাদের, যার আয় এলাকার মধ্যম আয়ের (Area Median Income, AMI) 60 শতাংশ বা তার কম, তাদের ক্রয়ক্ষমতার মধ্যে থাকবে।

লা মোরা সিনিয়র অ্যাপার্টমেন্টস নকশা করা হয়েছে অনেক বেশি শক্তিদক্ষ হওয়ার জন্য এবং এটি নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ ও ডেভেলপমেন্ট কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) নতুন নির্মাণ - আবাসন কর্মসূচি (New Construction - Housing Program), এনার্জি স্টার (Energy Star), এন্টারপ্রাইজ গ্রিন কমিউনিটিজ (Enterprise Green Communities), এবং প্যাসিভ হাউজ ইনস্টিটিউট (Passive House Institute) সনদের মানদণ্ড মেনে চলে। সবগুলি অ্যাপার্টমেন্টে থাকবে কম প্রবাহের প্লাম্বিং ফিক্সচার, এনার্জি স্টার অ্যাপ্লায়েন্স, স্বতন্ত্র উচ্চ দক্ষতার বৈদ্যুতিক হিট ও কুলিং, এবং LED লাইটিং। ভবনে একটি উচ্চ দক্ষতার এনভেলপ, ডুয়াল-প্যান ইন্স্যুলেটেড জানালা, এবং একটি কেন্দ্রীয় পানি গরম করার হিটিং ও বিতরণ ব্যবস্থা থাকবে। একটি জরুরি জেনারেটর নিশ্চিত করবে যাতে ভবনের সিস্টেম একটি ব্ল্যাকআউটের ঘটনায়ও সক্রিয় থাকে।

বাসিন্দাদের ইয়োঙ্কার্স এজিং অফিসের (Office for the Aging) প্রদত্ত সেবা পাওয়ার সুযোগ থাকবে, যার মধ্যে রয়েছে কেস ব্যবস্থাপনা, বাড়িতে রান্না করা খাবার পৌঁছে দেওয়া, এনটাইটেলমেন্ট কর্মসূচির সহায়তা, পরিবহন, স্বাস্থ্য সচেতনতা কর্মসূচি, পুষ্টি কেন্দ্রে অ্যাক্সেস, বিনোদন ও ব্যায়াম কর্মসূচি, এবং সুপারমার্কেট ও ফার্মেসির সাথে ডেলিভারি সমন্বয়। সেবাগুলির অর্থায়ন করবে এজিং অফিস এবং ওয়েস্টচেস্টার কাউন্টির বয়স্কদের কর্মসূচি ও পরিষেবা বিভাগ (Department of Senior Programs and Services)।

একদম ঠিক আশেপাশের এলাকায় রয়েছে একাধিক পাবলিক পার্ক এবং একটি গল্ফ কোর্স, এবং ডেভেলপমেন্টটি সেইন্ট জোসেফ হাসপাতাল ও মেডিকেল সেন্টারের (St. Joseph's Hospital and Medical Center) কাছে হবে।বাসিন্দারা এছাড়াও অনসাইট ইনডোর ও আউটডোর কমন স্থান উপভোগ করতে পারবে।

লা মোরা সিনিয়র অ্যাপার্টমেন্টস ডেভেলপ করছে MHACY এবং মালফোর্ড কর্পোরেশন (Mulford Corporation), এটি একটি 501(c)(3) অলাভজনক দাতব্য ডেভেলপমেন্ট কর্পোরেশন যা 2004 সালে MHACY কর্তৃক গঠিত হয়।

লা মোরা সিনিয়র অ্যাপার্টমেন্টসের জন্য স্টেটের তহবিলের মধ্যে রয়েছে 17 মিলিয়ন মার্কিন ডলার স্থায়ী কর-মওকুফ বন্ড, ফেডারেল নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট (Federal Low-Income Housing Tax Credits) যা 17.7 মিলিয়ন মার্কিন ডলার ইক্যুইটি সৃষ্টি করে এবং নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal, HCR) থেকে 9.1 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি। নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ ও ডেভেলপমেন্ট কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA) 240,000 মার্কিন ডলার প্রদান করবে। ওয়েস্টচেস্টার কাউন্টি আবাসন বাস্তবায়ন তহবিল (Housing Implementation Fund) থেকে 3.4 মিলিয়ন মার্কিন ডলার এবং ইয়োঙ্কার্স সিটি HOME তহবিল হিসেবে 650,000 মার্কিন ডলার প্রদান করছে। MHACY 2.6 মিলিয়ন মার্কিন ডলার ঋণ প্রদান করছে।

গত পাঁচ বছরে, HCR ইয়োঙ্কার্সে প্রায় 2,400 সাশ্রয়ী আবাসন তৈরি ও সংরক্ষণ করার জন্য 331 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে। এর মধ্যে রয়েছে ল্যান্ডি কোর্ট, যা এখন 80টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট প্রদান করে, যার মধ্যে ডাউনটাউন ইয়োঙ্কার্সের কাছে সমর্থক সেবাসহ 48টি রোয়েসে, এবং রিজওয়ের 172 ওয়ারবার্টন, যা 85টি নতুন অ্যাপার্টমেন্ট তৈরি করেছে।

**হোমস ও কমিউনিটি রিনিউয়াল ডিভিশনের কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন,** "লা মোরা সিনিয়র অ্যাপার্টমেন্টস ইয়োঙ্কার্সে মানসম্পন্ন সাশ্রয়ী আবাসনের সরবরাহ সম্প্রসারণ করতে আমাদের বিনিয়োগকে অব্যাহত রাখছে, গত পাঁচ বছরে যেখানে 2,400-র বেশি নতুন বাসা তৈরি করা হয়েছে। আমাদের সর্বশেষ বিনিয়োগটি 60 বছরের বেশি বয়স্কদের জীবনযাত্রার মান উন্নত করবে এবং একইসাথে ইয়োঙ্কার্সের হলো এলাকায় একটি দীর্ঘদিন খালি পড়ে থাকা সম্পত্তি ব্যবহার করবে। সবুজ নকশা এবং বয়স্কবান্ধব সুযোগ সুবিধা থাকায়, ভবিষ্যৎ বাসিন্দারা নিজেদের সম্প্রদায়ে বসবাস ও সমৃদ্ধি করতে পারবে। ইয়োঙ্কার্স সিটির মিউনিসিপ্যাল আবাসন কর্তৃপক্ষের আমাদের অংশীদারগণ, মালফোর্ড কর্পোরেশন, ইয়োঙ্কার্স সিটি এবং ওয়েস্টচেস্টার কাউন্টিকে ধন্যবাদ এই নতুন ডেভেলপমেন্টকে বাস্তবে পরিণত করতে সাহায্য করার জন্য।"

**নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ ও ডেভেলপমেন্ট কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন,** "NYSERDA লা মোরা সিনিয়র অ্যাপার্টমেন্টসের নির্মাণকাজ শুরু হতে দেখে খুশি, এটির কাজ শেষ হলে এটি ইয়োঙ্কার্সে নিম্ন আয়ের বয়স্কদের সম্পূর্ণ বৈদ্যুতিক সাশ্রয়ী আবাসন পাওয়ার সুযোগ প্রদান করবে, যেগুলি হবে স্বাস্থ্যকর, স্থিতিস্থাপক, এবং বর্ধিত আরাম ও উপভোগ্য বসবাসের অভিজ্ঞতার জন্য শক্তিদক্ষ। এধরনের প্রকল্প গভর্নর হোকলের দুই মিলিয়ন জলবায়ুবান্ধব বাসা অর্জনের প্রতিশ্রুতিকে সমর্থন করে এবং একইসাথে নিশ্চিত করে যাতে আমাদের সবথেকে দুর্বল নিউ ইয়র্কবাসীরা পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগ দ্বারা লাভবান হতে পারে।"

**প্রতিনিধি জামাল বোম্যান বলেন**, "আমার জেলা যেইসব প্রতিবন্ধকতার সম্মুখীন হয় তার মধ্যে  সবথেকে বড়গুলির একটি হলো বয়স্কদের জন্য  সাশ্রয়ী আবাসন খুঁজে পাওয়া। ইয়োঙ্কার্সের অনেক বয়স্কদের নির্দিষ্ট উপার্জন রয়েছে যা প্রায়শই তাদেরকে সাদা পরিবর্তনশীল এবং ব্যয়বহুল ভাড়ার আবাসন বাজারে কোনও নমনীয়তা প্রদান করে না। আমাদের 60 জনের বেশি প্রতিবেশীর জন্য ঠিক ইয়োঙ্কার্সেই এই ইউনিটগুলি উপলভ্য করা হলে তা আমার নাগরিকদের একটি জলবায়ু স্থিতিস্থাপক, অ্যাক্সেসিবল এবং স্থায়ীভাবে সাশ্রয়ী সম্প্রদায়ে এক স্থান শেষ বয়স কাটানোর সুযোগ প্রদান করবে।আমি এই প্রচেষ্টা সমর্থন করতে পেরে গর্বিত এবং আবাসনকে সকলের জন্য আরো অ্যাক্সেসিবল এবং সাশ্রয়ী করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।"

**সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন,** "লা মোরা সিনিয়র অ্যাপার্টমেন্টসের কাজ শেষ হলে তা নিশ্চিত করতে সাহায্য করবে যাতে ইয়োঙ্কার্সে আরো বেশি নিম্ন আয়ের বয়স্কদের কাছে নিরাপদ, টেকসই, কম খরচের আবাসন বিকল্প এবং অতি প্রয়োজনীয় সেবা থাকে এবং একইসাথে এটি আশেপাশের ইয়োঙ্কার্স হলো এলাকাকে পুনরুজ্জীবিত করবে। আমি স্টেটের সিনেটকে নেতৃত্ব দিতে পেরে গর্বিত যা এখানে এবং পুরো

স্টেটে সাশ্রয়ী আবাসন ও নিউ ইয়র্কবাসীদের জন্য ক্রয়ক্ষমতা সৃষ্টি করার উপায়ে মনোযোগ দিচ্ছে।"

**অ্যাসেম্বলি সদস্য ন্যাডার সায়েগ বলেন,** "ইয়োঙ্কার্সের বয়স্কদের সাশ্রয়ী আবাসন পাওয়ার সুযোগ প্রাপ্য এবং সেজন্য আমি ধারাবাহিকভাবে লা মোরা সিনিয়র অ্যাপার্টমেন্টসের মতো প্রকল্পসমূহের জন্য বর্ধিত স্টেট আর্থিক সমর্থনের পক্ষে ভোট দিয়ে গেছি। বয়স্কদের জন্য 60টি সম্পূর্ণ নতুন, শক্তিদক্ষ অ্যাপার্টমেন্ট ইয়োঙ্কার্সের জন্য একটি ভালো সংবাদ এবং আমি নিউ ইয়র্ক হোমস এবং কমিউনিটি রিনিউয়াল, ইয়োঙ্কার্স সিটির মিউনিসিপ্যাল আবাসন কর্তৃপক্ষ, ডেভেলপার মালফোর্ড কর্পোরেশন এবং এই কাজ শুরু হওয়াকে বাস্তবে পরিণত করতে কাজ করা অংশীদার সংগঠন ও ফার্মগুলির কাজের প্রশংসা করছি।"

**ওয়েস্টচেস্টার কাউন্টি নির্বাহী জর্জ ল্যাটিমার বলেন,** "আমার প্রশাসনের সবথেকে গর্বের অর্জনগুলির একটি হলো ওয়েস্টচেস্টারজুড়ে আমাদের বাসিন্দাদের জন্য, বিশেষ করে বয়স্কদের জন্য, সাশ্রয়ী আবাসনের সুযোগ তৈরি করতে কাজ করে যাওয়া। ইয়োঙ্কার্সের লা মোরা সিনিয়র অ্যাপার্টমেন্টস আমাদেরকে আমাদের একটি অতি গুরুত্বপূর্ণ চাহিদা পূরণ করতে সাহায্য করবে, এবং আমাদের বয়স্কদের এমন অনুভব করাতে সাহায্য করবে যে তারা আমাদের কাউন্টিতে বসবাস করতে পারবে। আমরা গভর্নর ক্যাথি হোকলকে এবং নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের আমাদের অংশীদারদের প্রতি কৃতজ্ঞ এই প্রকল্পকে বাস্তব করার জন্য, এবং আমরা আশা করছি একটি উদ্বোধনী অনুষ্ঠানে ফেরত আসতে পারবো যা ইয়োঙ্কার্স সম্প্রদায়ের জন্য দীর্ঘমেয়াদি প্রভাব ফেলবে।"

**ইয়োঙ্কার্সের মেয়র মাইক স্প্যানো বলেন,** "নিউ ইয়র্ক স্টেটকে এবং যখন আমরা আমাদের এলাকাগুলির পুনরুজ্জীবনে কাজ করে যাচ্ছি তখন আমাদের বাসিন্দাদের জীবন উন্নত করতে ইয়োঙ্কার্স সিটিকে সহায়তা করতে যেই বেসরকারি বিনিয়োগকারীরা একত্রিত হয়েছে তাদেরকে ধন্যবাদ। যেহেতু আমরা রিভারফ্রন্টে আবাসনের উত্থান দেখছি, তাই আমাদের জন্য পুরো শহরে একই মানের আবাসন প্রদান করাও গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে, বিশেষ করে আমাদের বয়স্কদের জন্য যারা আমাদের সম্প্রদায়ের জন্য অনেক কিছু করেছে।"

**ইয়োঙ্কার্স সিটির মিউনিসিপ্যাল আবাসন কর্তৃপক্ষের** প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা উইলসন কিম্বল বলেন, "লা মোরা সিনিয়র অ্যাপার্টমেন্টস হলো একটি উদাহরণ যে সাশ্রয়ী আবাসনে টেকসই বৈশিষ্ট্য যোগ করতে জাতীয়ভাবে কী করা যায়।আমাদের বয়স্কদেরকে অবশ্যই জলবায়ু পরিবর্তনের ধ্বংস থেকে রাখা করতে হবে যেমন এমন এলাকায় বন্যা যারা এখনো শহুরে এলাকাগুলিকে প্রভাবিত করা অতীতের রেডলাইনিং অনুশীলনের কারণে ভুগছে। প্যাসিভ হাউজ এবং অনসাইট জরুরি বিদ্যুৎ উৎপাদনের মতো ব্যবস্থা পরিবেশ এবং একইসাথে আমাদের বয়স্ক বাসিন্দাদের নিরাপত্তার জন্য গুরুত্বপূর্ণ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418